

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৩

১. পবিত্রতা (১)

পরিচ্ছেদঃ ১৬. মহিলাদের উযু-গোসলের অবশিষ্ট পানি পুরুষের ব্যবহার করা

بَابُ اسْتِعْمَالِ الرَّجُلِ فَضْل وَضُوءِ الْمَرْأَةِ

আরবী

نَا عَلِيُّ بْنُ أَحْمَدَ بْنِ الْهَيْثَمِ الْبَزَّانُ ، نَا عِيسَى بْنُ أَبِي حَرْبِ الصَّقَّارُ ، نَا يَحْيَى بْنُ أَبِي بُكُيْرٍ ، عَنْ شَرِيكِ ، عَنْ سِمَاكٍ ، عَنْ عِكْرِمَةَ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، عَنْ مَيْمُونَةَ ، قَالَتْ : أَجْنَبْتُ فَاغْتَسَلْتُ مِنْ جَفْنَةٍ ، فَفَضَلَتْ فِيهَا فَضْلَةٌ ، فَجَاءَ النَّبِيُّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَغْتَسِلُ مِنْهُ ، فَقُلْتُ : إِنِّي قَدِ اغْتَسَلْتُ مِنْهُ ، فَقَالَ : " الْمَاءُ لَيْسَ عَلَيْهِ جَنَابَةٌ " . فَاغْتَسَلَ مِنْهُ . اخْتُلِفَ فِي هَذَا الْحَدِيثِ عَلَى سِمَاكٍ وَلَمْ يَقُلْ فِيهِ ، عَنْ مَيْمُونَةَ غَيْرُ شَرِيكِ

বাংলা

১৩৩(৩). আলী ইবনে আহমাদ ইবনুল হায়সাম আল-বাযযায (রহঃ) ... মায়মূনা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি অপবিত্র হলাম (গোসল ফরজ হলো) এবং একটি গামলা থেকে পানি নিয়ে গোসল করলাম। গামলায় কিছু পানি অবশিষ্ট থাকলো। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে সেই পানি দিয়ে গোসল করলেন। আমি বললাম, অবশ্যই আমি এই পাত্রের পানি দিয়ে গোসল করেছি। তিনি বলেনঃ (নাপাকীর স্পর্শে) পানি অপবিত্র হয় না। তুমি তা দিয়ে গোসল করতে পারো। সিমাক থেকে উক্ত বর্ণনায় মতভেদ করা হয়েছে। শারীক ব্যতীত অপর কেউ 'মায়মূনা (রাঃ) থেকে' কথাটি বর্ণনা করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন